

পবিত্র রামাদান মাসের আহ্বান

সম্মানিত ভাই ও বোনেরা,

আসসালামু আলাইকুম।

আল্লাহপাকের অশেষ মেহেরবানীতে আমাদের জীবনে আরো একবার পবিত্র রামাদান মাসের অপরিসীম সুযোগের আগমন হয়েছে। আল্লাহ পাকের নৈকট্য হাসিলের এ পবিত্র মাস আমাদের গোনাহ মাফ, আমলের সংশোধন, ঈমানের দৃঢ়তা সৃষ্টি ও উন্নত নৈতিকতার অপূর্ব সুযোগ এনে দেয়। কোরআন নাজিল হওয়ার এ মাসে রয়েছে লাইলাতুল কদর, যাকে আল্লাহ পাক হাজার মাসের ছেয়ে উত্তম বলেছেন। ভ্রাতৃত্ব সৃষ্টি কিংবা সম্মত করার অসীম সুযোগ এ মাসে পাওয়া যায়। পারিবারিক, সামাজিক সম্পৃতি বিকাশের জন্য এ মাসের তুলনা হয়না।

নিম্নোক্ত কর্মসূচীর মাধ্যমে আসুন আমরা রামাদান মাসের রাহমাহু ও মাগফিরাতের সৌভাগ্য অর্জনের চেষ্টা করি।

- রামাদানের পূর্বেই প্রস্তুতি গ্রহণ করা।
- মসজিদে জামায়াতের সাথে নামাজ আদায়ের চেষ্টা করা।
- জামায়াতের সাথে তারাবীহ নামাজ আদায় করা।
- ব্যক্তিগতভাবে তাহাজ্জুদ নামাজের চেষ্টা করা।
- অর্থসহ কোরআন খতম করা। যদি পুরো খতম করা সম্ভব না হয়, তা হলে প্রচেষ্টা চালু রেখে অন্য মাসে তা সমাপণ করা।
- যারা ইংরেজীতে স্বাচ্ছন্দ্য বোধ করেন, তারা ইংরেজী অর্থসহ কোরআন খতম করার উদ্যোগ নিতে পারেন। হয়তো বা এর মাধ্যমে ইংরেজীতে কোরআন, হাদীস এবং ইসলামী সাহিত্য অধ্যয়ন আরো সহজ হবে।
- কোরআন থেকে পছন্দনীয় সুরা কিংবা আয়াত মুখস্ত করা। মুখস্তকৃত আয়াতগুলো রিভিউ করা।
- যাদের কোরআন তিলাওয়াত শুদ্ধ নয়, তারা এ মাসে বিশেষ এবং কার্যকরী পদক্ষেপ নিতে পারেন।
- কোরআন তিলাওয়াত সম্বলিত সিডি, ডিভিডি'র ব্যাপক সাহায্য নেয়া।
- আখিরাত বিষয়ক সুরা কিংবা আয়াত মুখস্ত করার চেষ্টা করা।
- দৈনন্দিন জীবনের গুরুত্বপূর্ণ দোয়া মুখস্ত করা।
- যতবেশী সম্ভব হামদ, যিকিরে নিজে থেকে ব্যস্ত রাখার চেষ্টা করা।
- ইফতার মাহফিলের আয়োজন করা। দাওয়াতী কাজের জন্য সহায়ক বক্তব্য কিংবা আলোচনা পেশ করার প্রচেষ্টা চালানো।
- মাসের শেষ দশ দিন কিংবা সম্ভব না হলে অন্তত: দুয়েকদিন মসজিদে ইতিকাফ করার চেষ্টা করা।

প্রিয় স্বীনি ভাই ও বোনেরা,

আসুন এ মহতি মাসের মাধ্যমে আমরা উন্নত জ্ঞান ও নৈতিকতার অত্যন্ত উঁচু স্তরে আরোহণের উদ্যোগ গ্রহণ করি। তা হলে আমাদের ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক জীবনে সুখের আগমন ঘটবে। অন্তত: আল্লাহ রাব্বুর আলামীন যেজন্য সিয়াম বাধ্যতামূলক করেছেন, অর্থাৎ তাকওয়ার গুণাবলী যেন অর্জিত হয়। আল্লাহ পাক আমাদেরকে তাঁর নেককার বান্দাহ-বান্দীদের দলে शामिल করুন। আমীন ॥

আপনাদের ভাই,

ডা: সাঈদুর রহমান চৌধুরী

ন্যাশনাল প্রেসিডেন্ট,

মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা (মুনা)